

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৮৯

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

### আরবী

وَعَن بُرَيْدَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعَ رَجُلًا يَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنَّكَ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْأَحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوا أَحَدٌ بِأَنَّكَ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْأَعْظَمِ الَّذِي إِذَا سُئِلَ بِهِ أَعْطَى وَإِذَا دُعِيَ بِهِ أَجَابَ» . رَوَاهُ التَّرْمِذِيُّ وَأَبُو دَاؤد

#### বাংলা

২২৮৯-[৩] বুরায়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার এক ব্যক্তিকে বলতে শুনলেন, 'হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করছি এবং জানি যে, তুমিই আল্লাহ। তুমি ছাড়া প্রকৃতপক্ষে আর কোন মা'বূদ নেই। তুমি এক ও অনন্য। তুমি অমুখাপেক্ষী ও স্থনির্ভর। যিনি কাউকে জন্মও দেননি। কারো থেকে জন্মও নন। যার কোন সমকক্ষ নেই।' তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এ ব্যক্তি আল্লাহ তা'আলাকে তার ইস্মে আ'যম বা সর্বাধিক বড় ও সম্মানিত নামে ডাকল। এ নামে ডেকে তাঁর কাছে কেউ কিছু প্রার্থনা করলে, তিনি তাকে তা দান করেন এবং কেউ ডাকলে তিনি তার ডাকে সাড়া দেন। (তিরমিয়ী, আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১৪৯৩, তিরমিয়ী ৩৪৭৫, ইবনু মাজাহ ৩৮৫৭, আহমাদ ২২৯১৫, ইবনু হিব্বান ৮৯১, শু'আবূল ঈমান ২৩৬৬, সহীহ আতৃ তারগীব ১৬৪০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الَّذِيْ إِذَا سُئِلَ بِهِ أَعْطَى وَإِذَا دُعِيَ بِهِ أَجَابَ) কোন কোন 'আলিম বলেছেন, اللهِ أَعْطَى وَإِذَا دُعِيَ بِهِ أَجَابَ)



কথা বলা, হে আল্লাহ! আমাকে অমুক জিনিস দান করুন আল্লাহ তাকে তার কথা অনুপাতে দিয়ে দিলেন এর নাম হলো السؤال। পক্ষান্তরে دعاء হলো, বান্দা আল্লাহকে ডাক দিবেন এই বলে যে, হে আল্লাহ, হে রহমান! ইত্যাদি, আর তিনি তার ডাকে সাড়া দিবেন। তবে কোন কোন 'আলিম এর মধ্যে কোন প্রকার পার্থক্য করেননি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন